

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৬৭

১/ বিবিধ

আরবী

غبن المسترسل حرام

ضعيف جدا

رواه الطبراني في " الكبير " عن أبي أمامة مرفوعا. قال الهيثمي (4 / 76) : " وفيه موسى بن عمير الأعمى، وهو ضعيف جدا ". ولهذا قال في " المقاصد ": " وسنده ضعيف جدا ". وزاد عليه في " كشف الخفاء " (1 / 342) : " ورواه أحمد بلفظ: ما زاد التاجر على المسترسل فهو ربا " .

قلت: لم أره في " المسند "، ولم يعزه إليه الهيثمي، وهو على شرطه. فالله أعلم. وموسى هذا قال الحافظ: " متروك وقد كذبه أبو حاتم " وفي الميزان " : " قال أبو حاتم: زاهب الحديث كذاب. وقال ابن عدي: عامة ما يرويه لا يتابعه عليه الثقات ". ثم ساق الذهبي أحاديث، هذا أحدها. وقد روى الحديث البيهقي في " سننه " (5 / 348 - 349) من هذا الوجه بنحوه ثم قال: " موسى بن عمير تكلموا فيه، وقد روي معناه عن يعيش بن هشام القرقيساني عن مالك، واختلف عليه في إسناده، وهو أضعف من هذا ". قلت: يعني الحديث الآتي

বাংলা

৬৬৭। বিক্রেতা কর্তৃক মূল্য সম্পর্কে অনভিজ্ঞ ব্যক্তিকে ধোঁকা দেয়া হারাম।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি তাবারানী “আল-মুজামুল কাবীর” গ্রন্থে আবু উমামাহ হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। হায়ছামী (৪/৭৬) বলেনঃ সনদে মুসা ইবনু উমায়ের আল-আ'মা রয়েছে। তিনি খুবই দুর্বল। একারণেই "আল-মাকাসিদ" গ্রন্থে হাফিয় সাখাবী বলেছেনঃ তার সনদটি খুবই দুর্বল।

এ মুসা সম্পর্কে হাফিয় ইবনু হাজার বলেনঃ তিনি মাতরুক। তাকে আবু হাতিম মিথ্যুক আখ্যা দিয়েছেন। “আল-মীযান” গ্রন্থে এসেছেঃ আবু হাতিম বলেনঃ তিনি যাহেবুল হাদীছ, মিথ্যুক। ইবনু আদী বলেনঃ তার অধিকাংশ বর্ণনারই নির্ভরযোগ্য বর্ণনাকারীগণ অনুসরণ করেননি।

অতঃপর যাহাবী তার কতিপয় হাদীছ উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71546>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন